# ব্যবসায়ী ঋণ নীতিমালা

খ্রিস্টান সমাজের অনেক প্রতিষ্ঠিত ব্যবসায়ীদের আর্থিক সহযোগিতার/উন্নয়নের জন্য ব্যবসায়িক সমস্যা সমাধানের লক্ষ্যে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড বিষয়টি বিবেচনা করে ব্যবসায়ী ঋণ বাস্তাবায়ন করতে যাচ্ছে।

**ঋণ গ্রহণের যোগ্যতা**

- ঋণ গ্রহীতাকে অবশ্যই মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সদস্য হতে হবে।
- প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে হবে। (কমপক্ষে ব্যবসায়ের ৩ বছর হতে হবে)

**ঋণ গ্রহণের নিয়মাবলীঃ**

- ইউনিয়ন কর্তৃক সরবরাহকৃত নিদিষ্ট আবেদন পত্রের মাধ্যমে আবেদন করতে হবে।
- ব্যবসায়ীর নিজ নামে ব্যবসায়ীক ট্রেড লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে। (হালনাগাদ)
- বিগত ১ বছরের ব্যাংক আর্থিক বিবরনী জমা দিতে হবে।
- ব্যবসায়ের ক্ষেত্রে অংশীদারের আমোক্তার নামায় স্বাক্ষী হিসেবে ঋণ পরিশোধের অঙ্গীকার প্রদান করতে হবে।
- কাগজপত্রের সমস্ত খরচ আবেদনকারীকে বহন করতে হবে।
- আবেদনকারীর নামে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা পযর্ন্ত ঋণ প্রদান করা যাবে।
- জমি বা ফ্ল্যাট এর বাজার মূল্যের ৭০% বেশী ঋন দেয়া যাবেনা।
- এই ঋণ ১৪% সুদে পরিশোধ করিতে হইবে।
- ঋণের কিস্তি ৬০ সম-মাসিক কিস্তিতে পরিশোধ করিতে হইবে।
- কোন সদস্য নিয়মিত কিস্তি পরিশোধ না করিলে ক্রেডিটের নিয়মানুসারে সুদ ও জরিমানা সহ কিস্তি দিতে হবে।
- ভ্যাট/টি আই এন এর সার্টিফিকেট (প্রয়োজন অনুসারে) জমা দিতে হবে।
- এ ঋনের ক্ষেত্রে কোন প্রকার ঋন নিরাপত্তা প্রিমিয়াম প্রদান করা হবেনা।
- এ ঋনের ক্ষেত্রে রিবেট প্রদান করা হবেনা
- ৫৫ বছরের উর্ধ্বে কোন ব্যাক্তি এ ঋনের আওতায় আসবেনা
- ঋন গ্রহনের সময় ৩০০ টাকার মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে আবেদনকারীর অর্বতমানে পরিবারের উপার্জক্ষম কোন ব্যাক্তিকে স্বশরীরে উপস্থিত থেকে অঙ্গীকারনামায় ঋন পরিশোধের স্বাক্ষর করতে হবে।
- নিজস্ব শেয়ার, পরিবারের কোন সঞ্চয়ী আমানত, এফ ডি আর, মর্টগেজ জামিনের মাধ্যমে এ ঋনের ক্ষেত্রে প্রদান করা যাবে।
- উপরোক্ত নীতিমালা প্রয়োজনে পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন সম্পূর্ন সমিতির এখতিয়ার ভুক্ত
- ব্যবসায়ী প্রতিষ্ঠানের নামে জমি, ফ্ল্যাট সমিতির নামে পাওয়ার আব এ্যাটর্নি করে দিতে হবে।
- যদি ঋণের কিস্তি দিতে ব্যর্থ হয় তবে তা বিক্রি করে ঋণের টাকা আদায় করবে।